




Series : S7PQR

SET~4



প্রশ্নপত্র কোড
Q.P. Code

5

রোল নং.

Roll No.

--	--	--	--	--	--	--	--

প্রার্থীরা উত্তরপত্রের আখ্যাপত্রে অবশ্যই প্রশ্নপত্র কোড লিখবে।

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.



বাংলা
BENGALI



নির্ধারিত সময় : 3 ঘন্টা

Time allowed : 3 hours

সর্বাধিক নম্বর : 80

Maximum Marks : 80

দ্রষ্টব্য :

- (I) পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে 15 টি মুদ্রিত পৃষ্ঠা রয়েছে।
- (II) প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নম্বরটি লিখবে।
- (III) পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে 17 টি প্রশ্ন আছে।
- (IV) প্রশ্নের উত্তর লেখা শুরু করার আগে উত্তর-পুস্তিকার যথাস্থানে প্রশ্নের ক্রমিক সংখ্যাটি অবশ্যই লিখবে।
- (V) প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনও উত্তর লেখা চলবে না।

NOTE :

- (I) Please check that this question paper contains 15 printed pages.
- (II) Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- (III) Please check that this question paper contains 17 questions.
- (IV) Please write down the serial number of the question in the answer-book at the given place before attempting it.
- (V) 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.



General Instructions :

সাধারণ নির্দেশ :

1. The question paper contains **15** printed pages.

প্রশ্নপত্রটিতে ১৫টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

2. The question paper contains **17** questions.

প্রশ্নপত্রটিতে ১৭টি প্রশ্ন আছে।

3. The question paper is divided into **two** parts.

প্রশ্নপত্রটি দুটি ভাগে বিভক্ত।

PART – A : Objective type questions (MCQ) : **25** marks

ভাগ – A : বস্তুনিষ্ঠ শ্রেণির প্রশ্ন (MCQ) : **25** নম্বর

PART – B : Descriptive paper : **55** Marks

ভাগ – B : বর্ণনামূলক প্রশ্ন : **55** নম্বর

4. **PART – A** has **three** sections :

ভাগ – A-তে তিনটি বিভাগ বর্তমান :

Section – A : Reading (Unseen Comprehension) : **10** Marks

বিভাগ – A : পঠন (অপঠিত গদ্যের বোধপরীক্ষণ) : **10** নম্বর

Section – B : Grammar : **05** Marks

বিভাগ – B : ব্যাকরণ : **05** নম্বর

Section – C : Main Course Book : **10** Marks

বিভাগ – C : মূল পাঠ্যপুস্তক : **10** নম্বর

PART – B has **three** sections :

ভাগ – B -তে তিনটি বিভাগ বর্তমান :

Section – B : Grammar : **8** Marks

বিভাগ – B : ব্যাকরণ : **8** নম্বর

Section – C : Supplementary Reader/Non-detailed Text : **35** Marks

বিভাগ – C : সহায়ক পাঠ / অ-বিস্তারিত পাঠ্য : **35** নম্বর

Section – D : Creative Writing : **12** Marks

বিভাগ – D : সৃজনমূলক লিখন : **12** নম্বর



PART – A : Objective Type Questions (MCQ)

Section – A (Reading) (Unseen Comprehension) 2 (5 × 1) = 10

1. নীচের গদ্যাংশ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো : (MCQ)

(A) সে তো আজকে নয়, সে আজকে নয়। খ্রিস্টের জন্মের প্রায় দু-হাজার বছর আগে এই আবিসিনিয়া সভ্যতার সঙ্গে ভারতের সম্পর্ক। যদিও সময় এবং আন্তর্জাতিক রাজনীতির টালমাটালের সঙ্গে সঙ্গে সম্পর্কে এসেছে নানা চাপানউতোর। ইতালীয় স্থাপত্য আর ইউকা কাঠ, বন্য কফি ফুল আর বন কলমির মতো দেখতে সাদা ভেরোনিকার সুগন্ধের মধ্যে যেন কলকল করে চলেছে রাজধানী শহর আদিস আবাবা। হঠাৎ অতিথি হয়ে এলে বোঝার উপায় নেই, দুর্ভিক্ষ বারবার কীভাবে দেশটাকে ছিবড়ে করে খেয়েছে। কয়েক দশক আগেই দশ লাখ মানুষের প্রাণ কেড়েছিল। সে সময় পাশে দাঁড়িয়েছিল ভারত। ইথিওপিয়া তা ভোলেনি। ভোলেনি বর্ণবৈষম্যের বিরুদ্ধে গান্ধীর লড়াই। দারিদ্র্যদুর্ভিক্ষ গৃহযুদ্ধ ম্যালেরিয়ার সঙ্গে দীর্ঘযুদ্ধের পর ইথিওপিয়া যোগ দিয়েছে বৃহত্তর আফ্রিকান ইউনিয়নে।

ইথিওপিয়ার রাজ ভাষা আমহারিক। এছাড়া অন্যান্য স্থানীয় ভাষা সহ ইংরেজি ভাষা দেখেছি হরবখত ব্যবহার হয় রাস্তাঘাটে। ইথিওপিয়া আফ্রিকার একমাত্র দেশ যেখানে কোন দীর্ঘ ঔপনিবেশিক শাসন হয়নি কালক্রমে যা আজ এক গণতান্ত্রিক দেশ। এখানে যিনি প্রধানমন্ত্রী তিনি দেশের সেনাপ্রধানও বটে। শপিংমল কফির দোকান রেস্টোরাঁতে বটেই, দেশের-বিদেশ মন্ত্রক তথ্য দপ্তর প্রধানমন্ত্রীর কার্যালয়ে মেয়েদের প্রাধান্য চোখে পড়ার সত্য।

এরা বলেন আদিস আবাবা থেকে সকালে কিলোমিটার দূরে কাফফা গ্রামে দু হাজার বছর আগে কফির জন্ম। তাই একে ঘিরে প্রতি বছর উৎসব হয়। গুণলাম নবম শতকে কালদি নামের এক পশুপালকের কাহিনি। তার চরাতে নিয়ে যাওয়া ছাগলের পাল এক অচেনা বীজ খেয়ে লাফঝাঁপ দিচ্ছিল তারা বিশ্রাম নিতেও ভুলে গিয়েছিল। সেই দেখে তিনি আন্দাজ করতে পারেন এই বীজ বা বিনগুলি খাওয়ার সুবিধা বা অসুবিধা গুলি। সব মিলিয়ে এখন ইথিওপিয়ার সংস্কৃতি কফিময়। মুখ চলতি বাক্য ‘বুনা’ হেতু মানে শুধু কফি পানই নয় সামাজিক সংযোগও বটে। আমার কফি পানের সঙ্গী নেই। এই কথা বলার অর্থ আপনি মশাই নিঃসঙ্গ।



শুণলাম প্রতি বাড়িতেই নাকি কফি সেরিমানি বা কফি পান করার বিশেষ প্রথা পালন হয়। হোটেলোও সেই প্রথার দেখা পেলাম। এই প্রথার সুগন্ধি টাটকা ফুল আর ঘাস ছড়িয়ে প্রথমে মন্দ আত্মাদের দূরে সরিয়ে দেওয়া হয়। কফি বিনগুলোকে একটা পাত্রে প্রথমে সেকে নেওয়া হয়। তারপরে হামানদিস্তা দিয়ে গুঁড়ো করা হয়। তারপর গরম জলের সঙ্গে কফি তৈরি শেষে পাত্রে ঢেলে দেওয়া হয়।

5 × 1 = 5

I. ‘আন্তর্জাতিক রাজনীতির টালমাটালের সঙ্গে সঙ্গে সম্পর্কে এসেছে চাপানউতোর’ এই বাক্যটিতে লেখক বোঝাতে চেয়েছেন –

- (A) ইথিওপিয়া ও ভারতের দীর্ঘদিনের সম্পর্ক।
- (B) উভয়ের সম্পর্ক নির্ভর করেছে রাজনীতির ওঠা পড়ার ওপর।
- (C) রাজনীতির ওঠা পড়ার ওপর ভারত ইথিওপিয়ার সম্পর্ক নির্ভর করেনি।
- (D) ভারত ইথিওপিয়া ক্রমাগত নিজেদের মধ্যে লড়াই করে গেছে।

II. বন্য কফি ফুল, সাদা ভেরোনিকা ফুলের সুগন্ধের মধ্যে দিয়ে যা বোঝা যায় না - দেশটা –

- (A) বারবার ঔপনিবেশিক শাসনের মধ্যে পড়েছে।
- (B) আফ্রিকার নিজেদের দেশের মধ্যে লড়াই করেছে।
- (C) বারবার দুর্ভিক্ষের সঙ্গে লড়াই করেছে।
- (D) শুধুমাত্র কফি বিক্রি করে টিকে আছে।

III. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে ঠিক/ভুল নির্ণয় কর :

মন্তব্য (ক) : কফি বীজ ছাগলগুলির ক্লান্তি দূর করে উত্তেজিত করেছিল।

মন্তব্য (খ) : কফি বীজ ছাগলগুলিকে অসুস্থ করায় তারা উত্তেজিত হয়ে উঠেছিল।

- (A) মন্তব্য (ক) ঠিক, কিন্তু মন্তব্য (খ) ভুল।
- (B) মন্তব্য (ক) ভুল, কিন্তু মন্তব্য (খ) ঠিক।
- (C) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটোই ঠিক।
- (D) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটোই ভুল।

IV. ‘আমার কফি পানের সঙ্গী নেই’, ইথিওপিয়ার ভাষায় এই কথার অর্থ হল –

- (A) বক্তার সঙ্গে কফি পান করার কোন বন্ধু নেই।
- (B) বক্তা কফি পান করার সময় বহু সঙ্গী চান।
- (C) বক্তা একেবারেই নিঃসঙ্গ।
- (D) বক্তা কফি পান করার সময় সঙ্গী চান না।





V. ‘সংস্কৃতি’ শব্দটির সমার্থক শব্দটি হল –

- | | |
|--------------|-----------------|
| (A) অসভ্য | (B) ঐতিহ্য |
| (C) অশিক্ষিত | (D) অপরিমার্জিত |

(B) প্রায়ই অভিমন্যু খাণ্ডব-বনের মধ্যে তির ছোড়া অভ্যাস করতে যেত। একদিন সে তির ছোড়া শেষ করে বন থেকে ঘরে ফিরছে, এমন সময় দেখতে পেলে এক বুড়ো চাষির সঙ্গে একরাশ লোক বর্শা, বল্লম, লাঠি নিয়ে হুল্লা করতে করতে বনের দিকে আসছে।

কী ব্যাপার জিজ্ঞেস করতে তারা বললে, গাঁয়ের মধ্যে এক ডাকাত এসে এই চাষির হালের গোরু খুলে নিয়ে বনের মধ্যে পালিয়ে গেছে।

অভিমন্যু হাসতে হাসতে বললে-সামান্য একটা ডাকাতের সঙ্গে লড়াই করতে তোমরা এতগুলো মানুষ চলেছে? আমি যে একাই তোমাদের মতো একদল ডাকাতের হাত থেকে গোরু ছিনিয়ে নিয়ে আসতে পারি।

লোকগুলো তো রেগেই অস্থির। কী! এইটুকু ছেলের মুখে এত বড় আশ্বাসের কথা! কই আনুক দেখি ও গোরু, কত বড় ওর ক্ষমতা! এই বলে লোকেরা বনের পথ আড়াল করে দাঁড়াল। যার গোরু হারিয়েছে সে বেচারার তখন যা অবস্থা! বেশ সকলে মিলে গোরু আনতে চলেছিল-এ আবার কোথা থেকে একটা পুঁচকে ছেলে এসে ফ্যাসাদ বাঁধিয়ে বসল। একবার সে অভিমন্যুর কাছে গিয়ে চোখ রাঙিয়ে তাকে ঘরে ফিরে যাবার জন্যে ঘমক দেয়। একবার তার নিজের লোকজনদের কাছে গিয়ে হাত জোড় করে বলে কেন রে ভাই, একটা পুঁচকে ছেলের কথায় তোরা খেপে উঠলি। কিন্তু কেউই তার কথায় কান দেয় না। এদিকে অভিমন্যু তার ধনুকে গুণ পরাচ্ছে, আর ওদিকে লোকজনেরা তাদের বর্শা লাঠিগুলো উঁচু করে তুলে ধরে হুমকি দিচ্ছে।

শেষে অভিমন্যু ধনুকে গুণ পরিয়ে এক টঙ্কার দিয়ে উঠল। ওরে বাস্বে! সে কী টঙ্কার! সেই শব্দ শুনেই তো অর্ধেক লোক সেখান থেকে চোঁ-চোঁ দৌড়। তারপর অভিমন্যুর তির শন শন করে ছুটে এসে বাকি লোকগুলোর কারও নাকের পাশ দিয়ে, কারও মাথার চুল ছুঁয়ে-ছুঁয়ে চলে যেতে লাগল। কে যে কোথায় পালাবে তার ঠিক রইল না।

অভিমন্যু তখন বনের মধ্যে প্রবেশ করে ডাকাতের কাছ থেকে গোরু কেড়ে এনে যার জিনিস তাকে ফিরিয়ে দিলে। সকলে ভাবলে, না জানি এ কোন দেবতা – মাটির উপর মাথা ঠেকিয়ে সকলে তাকে প্রণাম করতে থাকল। এমনভাবে ক্রমে ক্রমে অভিমন্যুর বাল্যকালের শিক্ষা শেষ হল।

5 × 1 = 5



- I. বুড়ো চাষির সঙ্গে একরাশ লোক বর্শা, বল্লম, লাঠি নিয়ে হুগ্লা করতে করতে বনের দিকে আসছে। কারণ –
- (A) অভিমন্যু তাঁদের বাঁচাবে বলে।
- (B) গাঁয়ের এক ডাকাত চাষির হালের গোরু খুলে নিয়ে চাষ করাচ্ছে।
- (C) গাঁয়ের এক ডাকাত চাষির হালের গোরু খুলে নিয়ে বনে পালিয়েছে।
- (D) অভিমন্যুর ওপর তারা বিরক্ত কারণ সে তাদের বাঁচাচ্ছে না।
- II. মন্তব্যের প্রেক্ষিতে ঠিক/ভুল নির্ণয় করো :
- ‘যার গরু হারিয়েছে সে বেচারার তখন যা অবস্থা !’ কেন তার এই অবস্থা ?
- মন্তব্য (ক) :** সকলে মিলে গোরু উদ্ধার করতে চলেছিল, অভিমন্যু এসে তাতে বাধা দিল।
- মন্তব্য (খ) :** সকলে মিলে গোরু উদ্ধার করতে চলেছিল, অভিমন্যু একাই উদ্ধার করতে চাইল।
- (A) কারণ (ক) ঠিক, (খ) ভুল
- (B) কারণ (ক) ভুল, (খ) ঠিক
- (C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক
- (D) কারণ (ক) ঠিক, (খ) দুটোই ভুল
- III. “সেই শব্দ শুনেই তো অর্ধেক লোক সেখান থেকে চোঁ চোঁ দৌড়”
- (A) এই লোকগুলি ছিল ডাকাত দলের।
- (B) এই লোকগুলি বুড়ো চাষির দলের লোক।
- (C) এই লোকগুলি বনের ভিতর থাকে।
- (D) এই লোকগুলি অভিমন্যুর দলের লোক।
- IV. অভিমন্যুকে দেবতা মনে করল, কারণ –
- (A) ধনুকে গুণ পরিয়ে জোরে টঙ্কার দিয়েছিল।
- (B) তাকে দেবতার মতো দেখতে।
- (C) একা বনের মধ্যে প্রবেশ করে ডাকাতের কাছ থেকে গোরু কেড়ে আনল।
- (D) একা বনের মধ্যে প্রবেশ করে ডাকাতদের বুঝিয়ে বুঝিয়ে গোরু ফিরিয়ে আনল।



V. সাধুভাষার রীতি অনুযায়ী ঠিক বাক্যটি নির্বাচন কর।

- (A) অভিমন্যু তখন বনের মধ্যে প্রবেশ করিয়া ডাকাতের কাছ হইতে গোরু কেড়ে এনে যার জিনিস তাকে ফিরিয়ে দিলে।
- (B) অভিমন্যু তখন বনের মধ্যে প্রবেশ করিয়া ডাকাতের কাছ হইতে গরু কাড়িয়া আনিয়া, যার জিনিস তাকে ফিরিয়ে দিলে।
- (C) অভিমন্যু তখন বনের মধ্যে প্রবেশ করে ডাকাতের কাছ থেকে গরু কাড়িয়া আনিয়া যাহার জিনিস তাহাকে ফিরিয়ে দিলে।
- (D) অভিমন্যু তখন বনের মধ্যে প্রবেশ করিয়া ডাকাতের নিকট হইতে গোরু কাড়িয়া আনিয়া, যাহার জিনিস তাহাকে ফিরাইয়া দিল।

Section – B (Grammar)

2. যে কোনো পাঁচটি বাগধারা/প্রবাদের সঠিক উত্তর বেছে লেখো : (MCQ)

5 × 1 = 5

I. ‘স্পষ্ট বক্তা’ বোঝাতে কোন বাগধারাটির প্রয়োগ করা হবে ?

- (A) দু নৌকায় পা (B) নয়নের মণি
- (C) শক্তের ভক্ত নরমের যম (D) চৌট কাটা

II. নুন আনতে পান্তা ফুরোয় বাগধারাটির অর্থ কী ?

- (A) নুন কেনার সময় পান্তা ভাত ফুরিয়ে গেল।
- (B) নুন কিনতে পারলাম কিন্তু ভাত খেতে পারলাম না।
- (C) খুবই টানাটানি
- (D) খুবই সচ্ছল অবস্থা

III. কোন বাক্যে ‘ইঁচড়ে পাকা’ বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে ?

- (A) তুমি যে কোন দিকে যাবে, একেবারেই ইঁচড়ে পাকা অবস্থা !
- (B) এতোটুকু বাচ্চা বড়দের সঙ্গে সব বিষয়ে কথা বলে, একেবারে ইঁচড়ে পাকা।
- (C) ইঁচড়ে পাকা অবস্থায় গাছের তলায় শেয়াল ঘোরাঘুরি করে।
- (D) ইঁচড়ে পাকা হয়ো না, তুমি নেহাতই ছোটখাটো মানুষ।



- IV. অতি প্রাচীনকাল বোঝাতে বোঝাতে কোন বাগধারাটি প্রয়োগ করা হয় ?
- (A) উনপঞ্চাশ বাই (B) মাকাতার আমল
(C) আঠার মাসে বছর (D) সুখের পায়রা
- V. দুই দুষ্ট লোকের মধ্যে সম্ভাব থাকা - এই অর্থে ব্যবহার করা যায় যে প্রবচনতা হল -
- (A) চোরে-চোরে মাসতুতো ভাই (B) চোরের সাক্ষী গাঁটকাটা
(C) চোর পালালে বুদ্ধি বাড়ে (D) চোরা না শোনে ধর্মের কাহিনি
- VI. নিরীহ প্রকৃতির মানুষ বোঝাতে কোন বাগধারাটির প্রয়োগ করা হবে ?
- (A) স্পষ্ট বক্তা (B) সুখের পায়রা
(C) মাটির মানুষ (D) মিছরির ছুরি
- VII. “ছাই ফেলতে ভাঙা কুলো” প্রবচনটি দিয়ে লেখা কোন বাক্যটি ঠিক ?
- (A) ‘ছাই ফেলতে ভাঙা কুলো’ - র দশা হলে এত লোক তোমার কথা শুনবে না ।
(B) সোনার গয়নাটি হারিয়ে যাওয়ায় আমার ‘ছাই ফেলতে ভাঙা কুলোর’ দশা হল ।
(C) ‘ছাই ফেলতে ভাঙা কুলো’ এই আমাকেই তুমি পেলে - যে তোমার কথা শুনে কাজ করবে ।
(D) ‘ছাই ফেলতে ভাঙা কুলো’ বলেই সবাই মিলে কাজের শক্তি বোঝা যায় ।
- VIII. ‘হাতের লক্ষ্মী পায়ে ঠেলা’ বাগধারাটির অর্থ হল -
- (A) দু-পক্ষকে সমুপেক্ষ করে চলা ।
(B) লক্ষ্মীদেবীকে অবহেলা করা ।
(C) নিজের ভাগ্য বা সুযোগকে অবজ্ঞা করা ।
(D) ঠিক সময়ে নিজের কাজ করা ।

Section – C (Main Course Book)

3. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো (যে কোনো পাঁচটি) (MCQ) :

5 × 1 = 5



- I. “বড় ভয়ংকর এ যোগ । শাহনাওয়াজ আর যশোবন্ত সিংহ ।” – কোন মূল নাট্যকারের নাটকের অংশ ?
- (A) ডি এল রায় (B) রবীন্দ্রনাথ ঠাকুর
(C) অজিতেশ বন্দোপাধ্যায় (D) সুভাষ মুখোপাধ্যায়



II. **মন্তব্য** : “আমি আগে বুঝতে পারিনি জানো ! — আজ রাতে-সবে হঠাৎ ঘুম থেকে চমকে জেগে উঠে, আমি স্পষ্ট বুঝতে পারলাম কথাটা”

কারণ (ক) : রজনীকান্ত বুঝতে পারলেন তার শারীরিক মৃত্যু এগিয়ে আসছে।

কারণ (খ) : রজনীকান্ত বুঝতে পারলেন তার অভিনয় প্রতিভা শেষ হতে চলেছে।

উপরিউক্ত বাক্যটির আলোকে মন্তব্য দুটির ঠিক ভুল নির্বাচন কর।

(A) কারণ (ক) ঠিক, (খ) ভুল।

(B) কারণ (ক) ভুল, (খ) ঠিক।

(C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক।

(D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল।

III. “আর সেই দিনই বুঝলুম পাবলিকের আসল চরিত্রটা কী ?” কোন প্রসঙ্গে পাবলিকের আসল চরিত্রটি বক্তার চোখে ফুটে উঠল ?

(A) সামাজিক সম্মান নেই বলে মেয়েটি তাকে বিয়ে করতে অসম্মত হল।

(B) দর্শক বাড়ি ফিরে গিয়ে অভিনেতাকে নিয়ে হাসাহাসি করে।

(C) দর্শক অভিনেতাকে পছন্দ করে না।

(D) মেয়েটি সামাজিক সম্মানের পরোয়া করে না কিন্তু অভিনেতার কাজ তার পছন্দ।

IV. ‘সব মিলিয়ে যেন একটা শ্মশান’ — রজনীকান্তের শ্মশান বলে মনে হয়েছিল —

(A) মধেগর কাছাকাছি শ্মশানকে

(B) ফাঁকা অন্ধকার প্রেক্ষাগৃহকে

(C) ফাঁকা অন্ধকার গ্রিনরুমকে

(D) ফাঁকা অন্ধকার বাড়িকে

V. “এই পবিত্রতার নামাবলিটি সেদিন হঠাৎই ফাঁস হয়ে গেল আমার সামনে —” উক্তিটির মাধ্যমে বক্তার কোন ধরনের বোধের পরিচয় পাওয়া যায় ?

(A) বিরক্তির দিক

(B) ব্যঙ্গের দিক

(C) ভক্তির দিক

(D) ভালোবাসার দিক

VI. “এর নাম যদি রাজনীতি হয়, তাহলে সে রাজনীতি আমার জন্য নয়” উক্তিটির বক্তা —

(A) ঔরঙ্গজীব

(B) যশোবন্ত সিংহ

(C) মিরজুমলা

(D) মহম্মদ



4. পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো (যে কোনো পাঁচটি) (MCQ) :

5 × 1 = 5

- I. “মনমোহন মহাজনের দোকানের ঝাঁপির নীচে চেংমান আশ্রয় নিয়েছিল” কেন নিয়েছিল ?
- (A) সেদিন আর তার বাড়ি ফিরবার পথ ছিল না ।
 (B) মনমোহন তাকে আশ্রয় নিতে বলেছিল ।
 (C) অঝোর ধারায় বৃষ্টি পড়ছিল ।
 (D) নদীতে বান এল ।
- II. “আজ আর সেদিন নেই । খনির অন্ধকারেও আলোর খবর পৌঁছচ্ছে ।”
 উক্তিটির আলোকে নীচের মন্তব্য দুটির ঠিক/ভুল নির্বাচন কর ।
 (ক) : পাতালপুরীর রাজ্যে প্রতিবাদ শুরু হয়েছে ।
 (খ) : খনির ভিতরে আলোর ব্যবস্থা হয়েছে ।
 মন্তব্যের প্রেক্ষিতে ঠিক/ভুল উত্তর নির্বাচন কর –
 (A) (ক) ঠিক, (খ) ভুল (B) (ক) ভুল, (খ) ঠিক
 (C) (ক) এবং (খ) দুটোই ঠিক (D) (ক) এবং (খ) দুটোই ভুল
- III. “ডালুরা বলে, সেদিন আর নেই । আগে তারা ছিল অন্ধ বোকার জাত ।” – কোন দিন আর নেই ?
- (A) ডালুরা চাষবাস ছেড়ে শহরে জীবন যাপন করছে ।
 (B) ডালুরা নিজেদের বিরুদ্ধে হওয়া অত্যাচার বিষয়ে সচেতন হয়েছে ।
 (C) ডালুরা মহাজনদের পছন্দ করছে না ।
 (D) ডালুরা অন্য জাতির সঙ্গে বন্ধুত্ব করে নিয়েছে ।
- IV. “জামুরিয়া থানার পরিহারপুর গ্রাম কীভাবে উঠে যাচ্ছে, তা আমি স্বচক্ষে দেখে এসেছি”
 গ্রামটি উঠে যাচ্ছে কারণ –
- (A) গ্রামের লোকেরা সেখানে থাকতে চায় না ।
 (B) গ্রামের তলায় আগুন ধরে আছে ।
 (C) মাটির তলায় কয়লা আছে বলে খনির মালিকদের কাছ থেকে নোটিশ এসেছে ।
 (D) মাটির তলায় কয়লা আছে বলে খনির মালিকরা তাদের বড়লোক করে দেবে বলে ।



- V. নকশালবাড়ি নাম হওয়ার কারণ কী ?
- (A) শিকারের ভালো জায়গা তাই নকশালবাড়ি নাম
(B) নকশালদের আন্দোলন এখানে শুরু হয়েছিল তাই এমন নাম ।
(C) নকশা কাটা ক্ষেত্র ছিল বলে এমন নাম ।
(D) বাঘের উপদ্রব ছিল বলে এমন নাম ।
- VI. এরা সব সাধুচরনের অতীত - এরা হল -
- (A) বক্সার জেলের বালক অপরাধীরা ।
(B) বক্সার জেলে বন্দি স্বদেশপ্রেমী মানুষরা ।
(C) বক্সার জেলে থাকা সাধারণ বন্দিরা ।
(D) বক্সার জেলে থাকা অভিজাত শ্রেণীর কয়েদি ।

PART – B : Descriptive Paper

Section – B (Grammar)

5. ধ্বনি বিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে কোনো একটির দু'টি উদাহরণ সহ সংজ্ঞা লেখ : $(2+2) \times 1 = 4$
স্বরভক্তি অথবা অভিশ্রুতি অথবা অপিনিহিতি

6. শব্দার্থতত্ত্বের নিম্নলিখিত প্রকারভেদগুলির যে কোনো একটির দু'টি উদাহরণ সহ সংজ্ঞা লেখো ।

$(2+2) \times 1 = 4$

শব্দার্থের সংকোচন অথবা শব্দার্থের উৎকর্ষ

Section – C

(Supplementary Reader/Non-detailed text)

7. “যা আর নেই, যা ঝড়-জল-মাতলার গর্ভে গেছে তাই খুঁজে খুঁজে উচ্ছব পাগল হয়েছিল” $2 + 3 = 5$



- (a) উচ্ছবের পরিচয় দাও ।
(b) লেখিকা এখানে কোন ঘটনা প্রসঙ্গে উক্তিটি করেছেন ?

অথবা/OR



“মৃত্যুঞ্জয় শোনে কিন্তু তার চোখ দেখেই টের পাওয়া যায় যে কথার মানে সে আর বুঝতে পারছে না।”

- (a) মৃত্যুঞ্জয় কোন কথা শোনে ?
(b) কোন অভিজ্ঞতার ফলে সে আর কথার মানে বোঝে না ?

8. “লোকেরা চাঁচিয়ে উঠল, নির্ঘাত মরবে বুড়িটা !” – লোকেদের এ কথা বলার কারণ কী ? 2
9. “যে রিলিফ চলছে তা শুধু একজনের বদলে আরেকজনকে খাওয়ানো”। – উক্তিটির মাধ্যমে বক্তা কী বলতে চাইছেন ? 3

অথবা/OR

“কতক্ষণ সে এই মারমুখী জনতাকে ঠেকিয়ে রাখতে পারত কে জানে।” – ‘সে’ এই “মারমুখী জনতাকে ঠেকিয়ে” রাখতে চাইছে কেন ?

10. প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা কর – 5
“রূপনারানের কূলে জেগে উঠিলাম”

অথবা/OR

- “আরোগ্যের জন্য ঐ সবুজের ভীষণ দরকার”
11. “আমি দেখি” কবিতায় ‘সবুজের অনটন’ বলতে কবি কী বুঝিয়েছেন ? 3

অথবা/OR

“ক্রন্দনরতা জননীয় পাশে” কবিতায় কবি কীভাবে প্রতিবাদ করতে চাইছেন ?

12. I. “রাজারা কি পাথর ঘাড়ে করে আনত ?” 2 + 3 = 5
(a) মূল কবি ও অনুবাদকের নাম লেখ।
(b) উক্তিটির মাধ্যমে কবি কী বলতে চেয়েছেন ?

অথবা/OR

- II. “বিরিট আর্মাডা যখন ডুবল, স্পেনের ফিলিপ কেঁদেছিল খুব”
(a) ‘স্পেনের ফিলিপ’ কে ?
(b) একথা বলার কারণ কী ?



13. I. “কিন্তু কী হবে বাড়ি ফিরে-একটুও ভালো লাগে না বাড়িতে ! জানো কালীনাথ, পৃথিবীতে আমি একা”

2 + 3 = 5

- (a) বক্তার পরিচয় দাও ।
(b) বক্তার এই পরিণতির কারণ কী ?

অথবা/OR

- II. “এর নাম যদি রাজনীতি হয় তাহলে সে রাজনীতি আমার জন্য নয়”

- (a) কে, কাকে কথাটি বলছে ?
(b) প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি বুঝিয়ে দাও ।

14. I. “ইস্কুলে যেতে ইচ্ছে করে না ?’ জিঙ্গেস করলেই বলে, ইচ্ছে করলেই কি যাওয়া যায় ?

2 + 3 = 5

- (a) এখানে উত্তরদাতার পরিচয় দাও ।
(b) প্রশ্নের উত্তরে সে কী বোঝাতে চেয়েছে ?

অথবা/OR

- II. “মনমোহন মহাজন গত হয়েছেন অনেকদিন; কিন্তু সেই মহাজনের পস্থা আজও ঠিক আছে ।”

- (a) মনমোহন মহাজন কে ?
(b) ‘মহাজনের পস্থা’ বলতে কী বোঝানো হয়েছে ?

15. ‘হাজং কথার মানে নাকি পোক ।’ কেন হাজংদের পোকা বলা হয়েছে ?

2

অথবা/OR

- “রাতিরে শুতে গিয়ে অবাক । ঠুং-ঠাং ঠুং-ঠং শব্দ কীসের ?” কোন শব্দের কথা বুঝিয়েছেন লেখক ?





Section – D
(Creative Writing) প্রতিবেদন

16. নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :

1 + 2 + 3 = 6

নিজস্ব সংবাদদাতা : মহাবিশ্বে মহাকাশে আবার চার দশক পরে মহাকাশে ফিরল ভারত। গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্ল-র হাত ধরে। ১৯৮৪ সালে রুশ মহাকাশযান সযুজ টি-১১'এ চেপে প্রথম ভারতীয় হিসাবে মহাকাশে পৌঁছানোর কৃতিত্ব অর্জন করেছিলেন উইং কমান্ডার রাকেশ শর্মা। তাঁর পদাঙ্ক অনুসরণ করে সাম্প্রতিক অ্যাক্সিয়ম-৪ অভিযানে আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে (আই এস এস) পৌঁছে এ বার প্রথম ভারতীয় হিসাবে ইতিহাস গড়লেন শুক্লও।

বেসরকারি সংস্থা অ্যাক্সিয়ম স্পেস-এর বাণিজ্যিক উড়ান অ্যাক্সিয়ম-৪ চেপে আই এস এস-এ যাওয়ার এই অভিযানটি পরিচালিত হয় আমেরিকান মহাকাশ গবেষণা সংস্থা নাসা, ভারতের ইসরো, ইউরোপিয়ান স্পেস এজেন্সি (ই এস এ) এবং স্পেস এক্স-এর যৌথ উদ্যোগে। মহাকাশের ক্ষেত্রে ভারতের দীর্ঘমেয়াদি পরিকল্পনা হল দেশেই মানব-বহনকারী মহাকাশযান নির্মাণের সক্ষমতা অর্জন। সেই সঙ্গে ২০৩৫ সালের মধ্যে পৃথিবীর কক্ষপথে 'ভারতীয় অন্তরীক্ষ স্টেশন' (সংক্ষেপে, বাস) স্থাপন করারও লক্ষ্য বয়েছে, যেটি গবেষণা ও প্রযুক্তিগত উন্নয়নের পাশাপাশি মহাকাশে দীর্ঘমেয়াদি মানুষের উপস্থিতির কেন্দ্র হিসাবেও কাজ করবে।

ভুললে চলবে না, অ্যাক্সিয়ম-৪'এর মতো মহাকাশ অভিযানগুলি এমনিতেই বেশ জটিল। অভিযানের পরিকল্পনা এবং মহাকাশচারীদের প্রশিক্ষণ থেকে শুরু করে জরুরি প্রক্রিয়ায় আচরণবিধি – এগুলি কেবল প্রযুক্তিগত দিক থেকেই নয়, কার্যক্ষমতার দিক থেকেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২০২৭ সালের পরিকল্পিত 'গগনযান' অভিযানের আগে ভারতের যতটা সম্ভব মহাকাশচারণের অভিজ্ঞতা সঞ্চয় করা জরুরি। এ দিকে, প্রস্তাবিত গগনযান অভিযানের জন্য চার সদস্যের দলে এমনিতেই নির্বাচিত হয়ে আছেন গ্রুপ ক্যাপ্টেন শুক্ল। এই অবস্থায়, ভারতের 'গগনযান' - এর আগে অ্যাক্সিয়ম-৪ মিশন বাস্তবায়িত হওয়ার বিষয়টি ইসরোকে মহাকাশ ভ্রমণে সরাসরি অভিজ্ঞতা অর্জনের একটি চমৎকার সুযোগ এনে দিয়েছে।



এই পর্যায়ে অন্যান্য জাতীয় মহাকাশ সংস্থা এবং বেসরকারি অংশীদারদের সঙ্গে সহযোগিতা বিশেষ গুরুত্বপূর্ণ। বস্তুত, ভারতে মহাকাশ প্রশিক্ষণের বিশেষ সুযোগ সুবিধা না থাকায় শুক্র এবং ‘গগনযান’ অভিযানের জন্য নির্বাচিত অন্য তিন নভশচরকে রাশিয়ায় প্রশিক্ষণ নিতে হয়েছিল। মহাকাশ এমনই একটি ক্ষেত্র যেখানে আমেরিকা ও রাশিয়ার মতো রাজনৈতিক চিরপ্রতিদ্বন্দ্বীর মধ্যেও ঘনিষ্ঠ সহযোগিতা দেখা গিয়েছে। এর অন্যতম উদাহরণ হল আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রটিই।

নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :

প্রশ্ন :

- উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।
- মহাকাশের ক্ষেত্রে ভারতের দীর্ঘমেয়াদী পরিকল্পনা কী ?
- তিনটি বাক্যে বিষয়টির উপর আলোকপাত কর।

17. তোমার শহরে পেশাদার গোয়েন্দা সংস্থা একটা অফিস খুলছে - এই মর্মে একটা বিজ্ঞাপন প্রস্তুত করো (৫০টি শব্দের মধ্যে)

6

অথবা/OR

তোমার বিদ্যালয় নার্সারি ও একাদশ শ্রেণিতে ভর্তির জন্য একটা বিজ্ঞাপন তৈরি করো। (৫০টি শব্দের মধ্যে)





5

6335

16

}